# ALL INDIA RADIO

# আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**24 September 2026** **7:35 AM IST**

==============================================================

রাজ্যের দক্ষতা , নিযুক্তি ও উদ্যমিতা বিভাগের মন্ত্রী বিশ্বজিৎ দৈমারীর পৌরহিত্যে গতকাল দিশপুর জনতা ভবনে একটি পর্য্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে দক্ষতা , নিযূক্তি ও উদ্যমিতা বিভাগের নিয়োগ এবং কারিগরী প্রশিক্ষন সঞ্চালকালয়ে কাজ কর্মের পর্য্যবেক্ষন করা হয়েছে । এছাড়াও বৈঠকে গুয়াহাটীতে একটি বিশ্ব দক্ষতা কেন্দ্র এবং শিলচর , ডিব্রুগড় ও বঙ্গাইগাও-এ উপগ্রহের বিশ্ব দক্ষতা কেন্দ্র স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়েছে ।

..............................................................................................

রাজ্যের নগাও লোকসভা আসনের উপ-নির্বাচনের প্রচার অভিযান তুঙ্গে উঠেছে । নির্বাচনে অবতীর্ন প্রতিটি দলের প্রার্থীরা ভোটারদের মন জয় করার আপ্রান চেষ্ঠা করছেন । বিজেপি মিত্র জোটের প্রার্থী দেবাশীস শর্মার হয়ে রাজ্যের কৃষিমন্ত্রী পীজুষ হাজারিকা গতকাল রহা বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত ঘাহি , কাকমারী প্রকাশ্য মঞ্চে নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন । অন্যদিকে ভারতীয় জাতীয় কংগ্রেস দলের প্রার্থী শিবামনি বরার হয়ে তারকা প্রচারক ভুপেন্দ্র বাঘেলও বিভিন্ন নির্বাচনী জনসভায় অংশ নিচ্ছেন ।

..............................................................................................

রাজ্যের শিক্ষা বিভাগ সপ্তম পর্যায়ের গুণোৎসবের দিন পরিবর্তন করেছে । নতুন করে জারি করা  নির্দেশ অনুযায়ি আগামী বছরের ১৯শে জানুয়ারি থেকে দোসরা ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যের ৩৫ টি জেলায় তিনটি পর্যায়ে গুণোৎসব অনুষ্ঠিত হবে । পূর্বে ৬ই জানুয়ারী থেকে ৫ই ফেব্রুয়ারি পর্যন্ত গুণোৎসবের দিন ধার্য করা হয়েছিল । বর্তমানের সংশোধিত সময়সূচী অনুযায়ি ১৯শে জানুয়ারী থেকে ২২ শে জানুয়ারি পর্যন্ত প্রথম পর্যায়ে ১১ টি জেলায় ,  ২৫  থেকে ২৮শে জানুয়ারী পর্য্যন্ত ১৩ টি জেলায় দ্বিতীয় পর্যায়ে  এবং  দোসরা ফেব্রুয়ারী থেকে ৫ই ফেব্রুয়ারী পর্যন্ত ১১ টি জেলায় তৃতীয় পর্যায়ের গুণোৎসব অনুষ্ঠিত হবে ।

.......................................................................................................

আসন্ন শিলচর পৌরনিগম নির্বাচন  উপলক্ষে আজ থেকে শিলচর কাছাড় কলেজে দুদিন ব্যাপী ভোটকর্মীদের প্রশিক্ষণ ও পরিচিতি পর্ব অনুষ্ঠিত হবে । ভোটকর্মীদের প্রশিক্ষণ দেওয়ার জন্য একাধিক এসিস্টেন্ট লেভেল মাষ্টার ট্রেনার ও মাষ্টার ট্রেনারদের দায়িত্ব প্রদান করা হয়েছে । আজ  সকাল সাড়ে ১০ টা থেকে প্রথম পর্ব এবং দুপুর দেড়টা থেকে দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ প্রদান করা হবে । দুদিনের এই প্রশিক্ষণ পর্বে ভোটকর্মীদের ভোটগ্রহণ পদ্ধতি এবং নির্বাচনী দায়িত্ব পালনের বিভিন্ন দিক সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে ।

এদিকে পৌরনিগম নির্বাচনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ফর্ম ২০-তে আবেদন করা সংশ্লিষ্ট যোগ্য ভোটারদের আগামী ২৬ শে সেপ্টেম্বর ডাকযোগে ব্যালট পেপারে ভাটগ্রহণ করা হবে । শিলচর

সরকারী উচ্চতর মাধ্যমিক বালিকা বহুমুখী বিদ্যালয়ে ঐদিন সকাল সাড়ে ৯ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত সংশ্লিষ্ট ভোটদাতারা ডাকযোগে ব্যালট পেপারে ভোট দিতে পারবেন ।

..............................................................................................

শিলচর পৌর নিগম নির্বাচনের জন্য আগামী তেসোরা অক্টোবর পৌর নিগম এলাকায় সরকারী ছুটি ঘোষনা করা হয়েছে । রাজ্যপালের অনুমোদনক্রমে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামী তেসোরা অক্টোবর পৌর নিগম এলাকার অর্ন্তগত সরকারী-বেসরকারী সবধরনের সব কার্যলয় , আর্থিক ও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে । এই ছুটি শুধুমাত্র শিলচর পৌর নিগম এলাকার জন্য প্রযোজ্য হবে বলে জানানো হয়েছে ।

..............................................................................................

হাইলাকান্দি পুলিশ গতকাল রাতে হাইলাকান্দি বাইপাস এলাকায় অভিযান চালিয়ে প্রায় সাড়ে ন কিলোগ্রাম গাঁজা উদ্ধার করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে উদ্ধার করা গাঁজার বাজার মূল্য প্রায় ১৫ লক্ষ টাকা হবে । পুলিশ সুত্রে জানা গেছে গাঁজাগুলি কাটলিছড়ার দিকে নিয়ে যাওয়া হচ্ছিল । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে কাছাড় জেলার বাসিন্দা সজল কুমার নামের এক ব্যাক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

..............................................................................................

রামকৃষ্ণ নগর সমজেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে নিভিয়া মাগুরাছড়া সড়কের বাগ সেতু এক নম্বর এবং আনিপুর জামিয়াঙ্গ এন ই সি সড়ক থেকে পূর্ব মাগুরাছড়া সড়কে ১০ টনের অধিক ওজন নিয়ে সব

ধরনের যান চলাচলে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । অবিরাম ভারী যান চলাচলের ফলে সেতু ও সড়কের পরিকাঠামোগত অবস্থার অবনতি হওয়ায় এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নির্দেশে যানবাহনের মালিক , চালক ,পরিবহন সমিতি এবং সর্বসাধারনকে ঔই নির্দেশিকা কঠোরভাবে মেনে চলতে অনুরোধ করা হয়েছে ।

................................................................................................

শ্রীভূমি জেলায় ন্যাশনেল অ্যাকশন প্ল্যান ফর ড্রাগ ডিমান্ড রিডাকশনের অধীনে পুরুষ ও মহিলাদের জন্য ড্রাগ ডি-এডিকশন সেন্টার স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে । এ লক্ষ্যে কাজ করতে ইচ্ছুক যোগ্য স্বেচ্ছাসেবী সংস্থার কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । শ্রীভূমি জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয় থেকে জারী করা এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগ্রহী সংস্থাগুলিকে তাদের যোগ্যতা , পূর্ব অভিজ্ঞতা , পরিকাঠামো এবং প্রকল্পের অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী পূরনের সপক্ষে উপযুক্ত নথিপত্র সহ দরখাস্ত আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্যে জমা দিতে হবে । বিশদ বিবরন জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্যলয়ে পাওয়া যাবে ।